# ডোমকল কলেজ

অভ্যন্তরীণ পরীক্ষা- ২০২৫

প্রথম সেমিস্টার (বাংলা মেজর)

পূর্ণমান – ৪০, সময়- ২ ঘন্টা

---

১) নিচের প্রশ্নগুলির মধ্যে যে কোনো ২টি প্রশ্নের উত্তর দাও: (২ x ১০ = ২০)

ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির নামকরণ ও ঐতিহাসিক প্রেক্ষাপট নিয়ে আলোচনা কর।

খ) দৌলত কাজীর কাব্যে কোথায় কোথায় সুফি দর্শনের প্রত্যক্ষ প্রভাব রয়েছে উদ্ধৃতি সহ ব্যাখ্যা কর।

গ) চৈতন্যজীবনীকার বৃন্দাবনদাসের কাব্যের কটি খণ্ড ও কি কি? তাঁর কাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।

ঘ) চর্যাপদে যে ধর্মতত্ত্ব বিশ্লেষিত হয়েছে তা আলোচনা কর।

ঙ) বাংলা ভাষার কোন স্তরে পয়ার ছন্দের ব্যবহার দেখা যায়? সেই যুগের সময়কাল ও নিদর্শন উল্লেখ করে পাঁচটি করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা কর।

২) নিচের প্রশ্নগুলির মধ্যে যে কোনো ২টি প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও: (২ x ৫ = ১০)

ক) রাধাবিরহ কাব্যটি প্রক্ষিপ্ত কেনো? উওরের সাপেক্ষে যুক্তি দাও।

খ) "প্রেম বিনে ভাব নাহি ভাব বিনে রস।

ত্রিভুবনে যত দেখো প্রেম হস্তে বশ"।। –

সপ্তদশ শতাব্দীর সাহিত্য ধারার প্রেক্ষাপটে উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

গ) কৃষ্ণদাস কবিরাজ রচিত 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের কয়টি ভাগ ও তাদের বিষয় সংক্ষেপে আলোচনা কর।

ঘ) চর্যাপদের সাহিত্যিক মূল্য ব্যাখ্যা করো।

ঙ) সংস্কৃত কি বাংলা ভাষার জননী? তোমার উত্তরের সাপেক্ষে যুক্তি দাও।

৩) নিচের প্রশ্নগুলির মধ্যে যে কোনো ৫টি প্রশ্নের অতিসংক্ষেপে উত্তর দাও: (৫ x ২ = ১০)

ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের পুঁথি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন?

খ) কাশীদাসী মহাভারত অনুযায়ী ভীমের অচৈতন্য হওয়ার কারণ লেখো?

গ) বাংলা ভাষায় প্রথম চৈতন্যজীবনী কাব্য কে রচনা করেন? গ্রন্থটির নাম কী?

ঘ) বাংলা মৌলিক স্বরধ্বনি কয়টি? এর মধ্যে অর্ধবিবৃত স্বরধ্বনি কী কী?

ঙ) বাংলায় অযোগবাহ ধ্বনি কটি ও কি কি?

চ) চর্যাপদের প্রত্যক্ষ প্রভাব বাংলা সাহিত্যে রয়েছে এমন দুটি উদাহরণ দাও।

ছ) নবচর্যাপদ কবে কোথা থেকে কার সম্পাদনায় প্রকাশিত হয়?

জ) কৃষ্ণদাস কবিরাজ কেন 'চৈতন্যচরিতামৃত' রচনা করেছিলেন?

ঝ) আলাওলের কাব্য 'পদ্মাবতী' কার, কোন ভাষায়, কোন কাব্য অনুসরণে রচনা?

ঞ) উদাহরণ দাও (একটি করে):

পার্শ্বিক ধ্বনি, তাড়িত ধ্বনি, অন্তঃস্থ ধ্বনি, ঘৃষ্ঠ ধ্বনি